

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭ (অংশ-১).৫৫

তারিখঃ ০৮ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ
২০ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

গণবিজ্ঞপ্তি

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন প্রতারক চক্র সরাসরি বা শিক্ষা মন্ত্রণালয় ও তার অধীন বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তাদের নাম ভাঙ্গিয়ে শিক্ষা প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন, এম.পি.ও. ভুক্তকরণ, পাঠদান, একাডেমিক স্বীকৃতি, শ্রেণি খোলা ও শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী বদলিসহ বিভিন্ন কাজ করিয়ে দেয়ার লোভ দেখিয়ে স্কুল-কলেজসহ বিভিন্ন প্রতিষ্ঠানে ফোন করে, ই-মেইল, এস.এম.এস. বা চিঠি পাঠিয়ে টাকা দাবী করছে। কোন কোন ক্ষেত্রে তাদের পক্ষ হতে অধ্যক্ষ/প্রধান শিক্ষকসহ সংশ্লিষ্টদের নিকট ব্যক্তিগতভাবেও যোগাযোগ করার চেষ্টা করছে মর্মে বিভিন্ন সূত্রে জানা যাচ্ছে।

উল্লেখ্য, শিক্ষা মন্ত্রণালয়ের কোন কাজে টাকা প্রদানের কোন প্রয়োজন নেই। শিক্ষা মন্ত্রণালয় হতে যে সকল সেবা প্রদান করা হয়ে থাকে, তার জন্য সুনির্দিষ্ট নীতিমালা রয়েছে এবং তার ভিত্তিতেই সেবা প্রদান করা হয়ে থাকে।

এ সংক্রান্ত সকল তথ্যাদি মন্ত্রণালয়ের নির্দিষ্ট ওয়েবসাইটে নিয়মিতভাবে প্রকাশ করা হয়ে থাকে।

এমতাবস্থায়, এ ধরনের প্রতারক চক্র বা শিক্ষা মন্ত্রণালয় ও এর অধীন কোন প্রতিষ্ঠানের কথিত কর্মকর্তা কর্তৃক ই-মেইল, এস.এম.এস. ফোন এবং চিঠিপত্র কিংবা তাদের ব্যক্তিগত যোগাযোগের ভিত্তিতে কাউকে কোন টাকা না দেয়ার জন্য সংশ্লিষ্টদের-কে অনুরোধ করা হলো। কেউ কোন ধরনের সুবিধা বা টাকা চাইলেই বুঝবেন যে এটা প্রতারণা, সাথে সাথেই এ ধরনের প্রতারকদের পুলিশে সোপর্দ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সোহরাব

২০.০২.২০১৯

(মোঃ সোহরাব হোসাইন)

সিনিয়র সচিব

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), নীলক্ষেত, ঢাকা।
- ✓ ৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. উপ প্রধান তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।